

✦ সামান্যের লক্ষণ ব্যাখ্যা কর।

উত্তর : বৈশেষিক দর্শন স্বীকৃত চতুর্থ ভাবপদার্থ হলো সামান্য। তর্কসংগ্রহে অন্নং ভট্ট সামান্যের লক্ষণ দিয়েছেন ও দীপিকায় লক্ষণে প্রযুক্ত পদগুলির উপযোগিতা ব্যাখ্যা করেছেন। সামান্যের লক্ষণে অন্নং ভট্ট তর্কসংগ্রহে বলেছেন— “নিত্যম্ একম্ অনেকানুগতং সামান্যম্।” অর্থাৎ যে পদার্থ নিত্য এক ও অনেকে অনুগত তাই হলো সামান্য। সহজভাবে বলা যায় যে পদার্থ নিত্য তথা এক হয়েও অনেক ব্যক্তিতে সমবায় সম্বন্ধে বিদ্যমান থাকে, তা হলো সামান্য।

লক্ষণে ‘নিত্য’ শব্দটি প্রযুক্ত না হলে তা সংযোগাদিতে অতিব্যাপ্ত হয়ে পড়ত। সংযোগ হলো এক এবং তা অনেকে সমবায় সম্বন্ধে বিদ্যমান থাকে। ফলে ‘একম্ অনেকানুগতং’—এভাবে সামান্যের লক্ষণ করা হলে তা সংযোগে অতিব্যাপ্ত হয়ে পড়বে। সংযোগ সামান্য থেকে ভিন্ন এবং লক্ষণের অলক্ষ্য। ‘নিত্য’ শব্দের প্রয়োগে এই অতিব্যাপ্তি দোষের সম্ভাবনা দূরীভূত হয়েছে কেননা সংযোগ এক ও অনেক অনুগত হলেও নিত্য নয়।

আবার যদি বলা হতো— 'নিত্যমেকং সামান্যম্' তাহলে লক্ষণটি পরমাণু তথা আকাশের পরিমাণে অতিব্যাপ্ত হয়ে পড়ত। পরমাণু বা আকাশের পরিমাণ এক হয়েও নিত্য হয়। 'অনেকানুগত' এই পদের নিবেশনে সামান্যের লক্ষণ পরমাণু ও আকাশের পরিমাণে অতিব্যাপ্তি দোষ দূর হয়ে যায়। আকাশের পরিমাণ আকাশে থাকে আর পরমাণুর পরিমাণ একটি পরমাণুতে থাকে। এভাবে 'অনেকানুগত' না হওয়ার উক্ত লক্ষণটি এক্ষেত্রে অতিব্যাপ্ত হচ্চে না।

অন্য ভট্ট সামান্যের লক্ষণে প্রযুক্ত 'এক' পদের তাৎপর্য ব্যাখ্যা করেন নি। নৃসিংহ প্রকাশিকায় 'এক' পদকে সামান্যের স্বরূপবোধক বলে ব্যাখ্যা করা হয়েছে। লক্ষণ থেকে 'এক' শব্দটি বাদ দেওয়া যেতে পারে। 'নিত্যমনেকানুগতং সামান্যম্' অর্থাৎ বা নিত্য তথা অনেকে সমবায় সম্বন্ধে থাকে তাই হলো সামান্য।

তর্কদীপিকায় সামান্যের লক্ষণে প্রযুক্ত 'অনুগত' পদের অর্থ সমবেত বলা হয়েছে। 'অনেকের সঙ্গে সম্বন্ধ থাকা' এই অর্থের স্থানে 'সমবায় সম্বন্ধে অনেকে থাকা' এই অর্থ গ্রহণ করা হলে অভাবাদিতে লক্ষণটির অতিব্যাপ্তি হয় না। ন্যায়-বৈশেষিক মতানুসারে ঘটন্যভাব অনেক স্থলে হতে পারে। এটি নিত্যও। তাই নিত্য তথা অনেক স্থলের সঙ্গে সম্বন্ধ থাকায় 'ঘটন্যভাবে' সামান্যের লক্ষণ অতিব্যাপ্ত হয়ে যায়। যখন আমরা 'অনুগত' এর অর্থ 'সমবেতকে গ্রহণ করি তখন এই দোষ হয় না। কেননা ঘটন্যভাব নিজ আধারে স্বরূপ সম্বন্ধে বিদ্যমান থাকে, সমবায় সম্বন্ধে নয়। এইভাবে ঘটন্যভাবের এক, নিত্য তথা অনেকানুগত হওয়ার পরও ঘটন্যভাবে সামান্যের লক্ষণ অতিব্যাপ্ত হয় না। কেননা ঘট্টের অত্যন্তাভাব অনেক স্থলে সমবায় সম্বন্ধে থাকে না। তাই অনেকানুগত পদের অর্থ 'অনেকে সমবেত' করা হলে সামান্যের লক্ষণটি দোষ রহিত হয়ে যায়।